ইয়েমেনে সৌদি বিমান হামলায় ৩০ জন নিহতের দাবি হুথিদের



ছবি: সংগৃহীত

ইয়েমেনের তাইজ প্রদেশের একটি বাজারে সৌদি বিমান হামলায় ৩০ জন নিহত হয়েছেন বলে দাবি করেছে হুথি বিদ্রোহীরা। এ ঘটনায় আহত হয়েছেন আরও আটজন। তবে হামলার অভিযোগ অস্বীকার করে স্থানীয় কর্তৃপক্ষ বলছে, বাজারে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে হুথিরাই।

শুক্রবার (৬ নভেম্বর) হুথিদের পক্ষ থেকে হতাহতের এ তথ্য জানানো হয়। তাদের নিয়ন্ত্রণাধীন আল-ওয়াজিয়া শহরের বাজারে একাধিকবার বিমান হামলা চালানো হয়েছে বলে জানায় গোষ্ঠীটি। ধ্বংসস্তূপের নিচে আরও মরদেহ থাকতে পারে বলে উদ্ধারকাজ চলছে।

হুথি পরিচালিত সাবা নিউজ এজেন্সিকে দেওয়া বক্তব্যে গোষ্ঠীটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের মুখপাত্র আনিস আল-আসকাহি বলেন, সৌদি যুদ্ধবিমান থেকে বাজারটিতে একাধিক হামলা চালানো হয়েছে। হুথি সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারির দাবি, সৌদি আরবের খামিস মুশাইত ঘাঁটি থেকে উড্ডয়ন করা একটি বিমান এসব হামলা চালায়।

তবে ইয়েমেনের সরকারি বাহিনীর অভিযোগ, বাজার এলাকায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুড়েছে হুথিরা। তাইজের স্থানীয় কর্তৃপক্ষও বিমান হামলার কথা অস্বীকার করেছে। তাদের বক্তব্য, হুথিদের বেপরোয়া ক্ষেপণাস্ত্র হামলাতেই এ হতাহতের ঘটনা ঘটেছে।

কয়েক বছর তুলনামূলক শান্ত থাকার পর গত জুলাইয়ে হুথি ও সৌদি সমর্থিত সরকারি বাহিনীর মধ্যে আবারও লড়াই শুরু হয়। এরপর থেকে দুই পক্ষের সংঘাত আরও বেড়েছে। সৌদি আরবের বিভিন্ন স্থাপনায় হামলার দায়ও একাধিকবার স্বীকার করেছে হুথিরা।

এর আগে শুক্রবার সৌদি নেতৃত্বাধীন জোট জানায়, মক্কার কাছাকাছি একটি ড্রোন ভূপাতিত করা হয়েছে। তবে ড্রোনটি কোথা থেকে এসেছিল, সে বিষয়ে কিছু জানানো হয়নি। সৌদি বিমানবন্দর, তেল স্থাপনা ও সামরিক ঘাঁটিতে হামলার দায় স্বীকার করলেও পবিত্র শহরগুলোকে লক্ষ্যবস্তু করার অভিযোগ বরাবরই অস্বীকার করে আসছে হুথিরা।